

মাদক বিরোধী অভিযানে নিহতের ঘটনায় ব্লাস্টের উদ্বেগ

## মাদকবিরোধী অভিযানে নিহতের ঘটনায় ব্লাস্টের উদ্বেগ

### ■ সমকাল প্রতিবেদক

মাদকবিরোধী অভিযানে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ঘটছে উল্লেখ করে এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে মানবাধিকার সংগঠন বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। পাশাপাশি এ হত্যাকাণ্ড বন্ধ করা এবং প্রত্যেকটি হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্তসহ অভিযুক্তদের বিচারের দাবি জানিয়েছে সংগঠনটি।

শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, মাদকবিরোধী অভিযানের নামে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে শতাধিক ব্যক্তি বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। কোনো নাগরিককে এ ধরনের নির্যাতন সাংবিধানিক অধিকারের লঙ্ঘন।